ভোরের বেলা কখন এসে   পরশ করে গেছে হেসে ॥
আমার ঘুমের দুয়ার ঠেলে   কে সেই খবর দিল মেলে—
জেগে দেখি আমার আঁখি আঁখির জলে গেছে ভেসে ॥
মনে হল আকাশ যেন কইল কথা কানে কানে।
মনে হল সকল দেহ পূর্ণ হল গানে গানে।
হৃদয় যেন শিশিরনত   ফুটল পূজার ফুলের মতো—
জীবননদী কূল ছাপিয়ে ছড়িয়ে গেল অসীমদেশে ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Raag: Ashabari-Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail